দৈনিক সংবাদ

৪৬

তারিখ ...0[illegible] SEP 198[illegible]
পৃষ্ঠা... ৭ ...কলাম... ৫

# টিচার্স ট্রেনিং কলেজ সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নের দাবী

ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে আয়োজিত শিক্ষক সমাবেশে ৩০ দফা দাবীর আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের গৃহীত ৭টি সিদ্ধান্ত আগামী ২৯শে সেপ্টেম্বরের মধ্যে বাস্তবায়ন করার দাবী জানানো হয়েছে।

গত সোমবার বিকেল ৪টায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভানেত্রী অধ্যক্ষা রাশিদা বেগমের সভানেতৃত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

আগামী ২৯শে সেপ্টেম্বরের মধ্যে দাবী বাস্তবায়নে ব্যর্থ হলে ৩০শে সেপ্টেম্বর শিক্ষা ভবন ও সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করা হবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।